# আটক থাকার সময় আপনার অধিকারগুলির কথা মনে রাখবেন

এই নোটিসে দেওয়া অধিকারগুলি, ইংল্যান্ড ও ওয়েল্‌স-এর আইনে আপনাকে দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এবং ফৌজদারী ব্যবস্থা নেওয়ার ব্যাপারে ইউরোপীয়ান ইউনিয়ান-এর ডাইরেক্টিভ ২০১২/১৩ (EU Directive 2012/13) অনুযায়ী তথ্য পাওয়ার অধিকার মেনে চলা হয়েছে।

থানায় আপনার যা যা অধিকার আছে সেগুলির কথা এই পৃষ্ঠায় সংক্ষেপে বলা হয়েছে
এর পরের পৃষ্ঠাগুলির ১ থেকে ১১ নম্বর অনুচ্ছেদে আরও তথ্য রয়েছে।
পুলিসের কোডের (নীতির) প্র্যাক্‌টিস C-তে এগুলি সম্পূর্ণ ও বিস্তারিত ভাবে বলে দেওয়া হয়েছে।

১। আপনি যখন থানায় থাকবেন, তখন আপনাকে সাহায্য করার জন্য আপনি যদি কোন সলিসিটার চান, তাহলে তা পুলিশকে বলবেন। এর জন্য কোন খরচ হবে না।

২। আপনি কোথায় আছেন, তা যদি কাউকে জানাতে চান, তাহলে তা পুলিশকে বলবেন। এর জন্য কোন খরচ হবে না।

৩। আপনি যদি তাদের নিয়মকানুনগুলি দেখতে চান – যেটাকে কোড্‌স অব প্র্যাক্‌টিস বলা হয় - তাহলে তা পুলিশকে বলবেন।

৪। আপনার যদি কোন ডাক্তারী সাহায্য দরকার হয়, তাহলে তা পুলিশকে বলবেন। আপনি অসুস্থ বোধ করলে অথবা আহত হয়ে থাকলে পুলিশকে তা বলবেন। ডাক্তারী সাহায্য বিনাপয়সায় পাওয়া যায়।

৫। কোন অপরাধ করার সন্দেহবশতঃ আপনাকে যদি প্রশ্ন করা হয়, তাহলে আপনি কোন কিছু বলতে বাধ্য না। তবে, এখন আপনাকে কোন কিছু জিজ্ঞাসা করা হলে আপনি যদি তার উত্তর না দেন এবং পরে আদালতে গিয়ে আত্মপক্ষ সমর্থন করার জন্য আপনি যদি ওই একই জিনিষের উপর নির্ভর করতে চান তাহলে সেক্ষেত্রে আপনার আত্মপক্ষ সমর্থন করার ব্যাপারে ক্ষতি হতে পারে। আপনি যা বলবেন তা প্রমাণ হিসাবে দাখিল করা হতে পারে।

৬। আপনি কি অপরাধ করেছেন বলে পুলিশ মনে করছে এবং আপনাকে কেন গ্রেপ্তার করা হয়েছে ও আটকে রাখা হচ্ছে তা পুলিশের অবশ্যই আপনাকে জানাতে হবে।

৭। আপনাকে কেন গ্রেপ্তার করা হয়েছে ও আটকে রাখা হচ্ছে এবং আপনি যখন থানায় ছিলেন সে সময়ের সম্বন্ধে সব রেকর্ড ও কাগজপত্র পুলিশের অবশ্যই আপনাকে ও আপনার সলিসিটারকে দেখতে দিতে হবে।

৮। আপনার যদি কোন দোভাষীর (ইন্টারপ্রেটার) দরকার হয়, তাহলে পুলিশকে অবশ্যই সেরকম কাউকে আপনার জন্য নিয়ে আসতে হবে। তাছাড়াও, আপনি নির্দিষ্ট কিছু কাগজপত্রের অনুবাদ করাতে পারেন। এর জন্য কোন খরচ হবে না।

৯। আপনি যদি ব্রিটিশ না হন এবং আপনি যদি আপনার দেশের এম্‌ব্যাসী বা কন্‌সুলেটের (দূতাবাসের) সাথে যোগাযোগ করতে চান অথবা আপনি যদি চান যে

আপনাকে যে আটকে রাখা হয়েছে তা তাদের জানানো হোক, তাহলে তা পুলিশকে বলবেন।

১০। পুলিশের আপনাকে অবশ্যই জানাতে হবে যে আপনাকে তারা কতক্ষণের জন্য আটকে রাখতে পারবে।

১১। আপনার বিরুদ্ধে যদি চার্জ (অপরাধের জন্য আপনার বিরুদ্ধে রীতিগত ভাবে অভিযোগ) আনা হয় এবং আপনার মামলা যদি আদালতে যায়, তাহলে আদালতে শুনানী শুরু হওয়ার আগে, আপনার ও আপনার সলিসিটারের প্রসিকিউশনের (ফৌজদারী মামলায় সরকারী পক্ষের) সব প্রমাণ দেখতে পাওয়ার অধিকার থাকবে।

**এই অধিকারগুলির মধ্যে কোনোটার বিষয়ে আপনি যদি নিশ্চিত না থাকেন, তাহলে পুলিসের কাস্টডি অফিসারকে তা জানাবেন**

Home Office

Legal Aid Agency

The Law Society

**পুলিস আপনার সাথে কিরকম আচরণ করবে ও কি ভাবে আপনার দেখাশোনা করবে, সে বিষয়ে আরও তথ্য পাওয়ার জন্য এই সংক্ষিপ্তসারের পরের পৃষ্ঠাগুলি দেখবেন**

নোটিস অব রাইট্স এ্যান্ড এনটাইটেলমেন্টের (অধিকার ও প্রাপ্য জিনিষ সংক্রান্ত নোটিশের) এই সংস্করণটি, ২০১৮ সালের ডিসেম্বর মাসের ১ তারিখ থেকে কার্যকরী হবে

**অনুগ্রহ করে এই তথ্য রেখে দেবেন এবং যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি এটা পড়ে নেবেন। আপনি থানায় থাকাকালীন সিদ্ধান্ত নিতে এটা আপনাকে সাহায্য করবে।**

## ১। আপনাকে সাহায্য করার জন্য একজন সলিসিটার পাওয়া

- একজন সলিসিটার আপনাকে আইনের বিষয়ে সাহায্য করতে ও পরামর্শ দিতে পারবেন।
- একজন সলিসিটারের সাথে কথা বলতে চাইলে তাতে মনে হবে না যে আপনি কোন অন্যায় করেছেন।
- আপনাকে পুলিশের কাস্টডি অফিসারের অবশ্যই জিজ্ঞাসা করতে হবে যে আপনি কোন আইন সংক্রান্ত উপদেশ চান কিনা। এর জন্য কোন খরচ করতে হবে না।
- আপনি যখন কোন থানায় থাকবেন, তখন দিন বা রাত্রির যে কোন সময়ে পুলিশের অবশ্যই আপনাকে একজন সলিসিটারের সাথে কথা বলতে দিতে হবে।
- আপনি যদি আইন সংক্রান্ত পরামর্শ চান, তাহলে আপনি আপনার সলিসিটারের সাথে কথা বলার সুযোগ না পাওয়া পর্যন্ত, সাধারণতঃ পুলিশের আপনাকে প্রশ্ন করার অনুমতি থাকে না। পুলিশ যখন আপনাকে প্রশ্ন করবে, তখন আপনি একজন সলিসিটারকে আপনার সাথে সেই ঘরে থাকার জন্য অনুরোধ করতে পারবেন।
- আপনি যদি পুলিশকে বলে থাকেন যে আপনি কোন আইন সংক্রান্ত পরামর্শ চান না এবং তারপরে যদি আপনি মত পরিবর্তন করেন, তাহলে পুলিশের কাস্টডি অফিসারকে তা জানাবেন এবং তিনি তখন একজন সলিসিটারের সাথে যোগাযোগ করতে আপনাকে সাহায্য করবেন।
- থানায় যদি কোন সলিসিটার এসে না পৌঁছান অথবা আপনার সাথে যোগাযোগ না করেন, অথবা আপনি যদি কোন একজন সলিসিটারের সাথে আবার কথা বলতে চান, তাহলে পুলিশকে তার সাথে আবার যোগাযোগ করতে অনুরোধ করবেন।

## অপেক্ষাকৃত কম গুরুতর কিছু জিনিষের বিষয়ে বিনাপয়সায় আইন সংক্রান্ত পরামর্শ:

- অপেক্ষাকৃত কম গুরুতর জিনিষের ব্যাপারে কিছু ক্ষেত্রে, বিনা খরচে আইন সংক্রান্ত পরামর্শ পাওয়া ক্রিমিনাল ডিফেন্স সার্ভিস (CDS) ডাইরেক্ট-এর যোগ্যতা সম্পন্ন উপদেষ্টাদের কাছ থেকে টেলিফোনে পরামর্শ পাওয়ার মধ্যে সীমিত থাকে, যদি না কিছু সীমিত ব্যতিক্রম প্রযোজ্য হয়, যে ক্ষেত্রে একজন সলিসিটারের থানায় আসা উচিত, যেমন:
  - পুলিশ আপনাকে কোন অপরাধের বিষয়ে প্রশ্ন করতে চায় অথবা একজন প্রত্যক্ষদর্শীকে দিয়ে শনাক্ত করার পদ্ধতি প্রয়োগ করতে চায়।
  - আপনার কোন "এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্টের" (উপযুক্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তির) কাছ থেকে সাহায্যের প্রয়োজন রয়েছে। "যেসব ব্যক্তির সাহায্য পাওয়ার দরকার আছে" অংশটি দেখবেন।
  - আপনি টেলিফোনে কথাবার্তা বলতে পারেন না, অথবা

– আপনি পুলিশের বিরুদ্ধে গুরুতর রকমের খারাপ আচরণের অভিযোগ করছেন।

**যে ক্ষেত্রে বিনাপয়সায় আইন সংক্রান্ত পরামর্শ ক্রিমিনাল ডিফেন্স সার্ভিস ডাইরেক্ট-এর (CDS Direct-এর) কাছ থেকে পাওয়া টেলিফোনের মাধ্যমে পরামর্শের মধ্যে সীমাবদ্ধ নয়:**

- আপনি আপনার পরিচিত কোন সলিসিটারের সাথে কথা বলতে চাইতে পারেন এবং তিনি যদি লীগাল এইডের কাজ করেন, তাহলে আপনাকে কোন খরচ দিতে হবে না। আপনি যদি কোন সলিসিটারকে না চেনেন, অথবা আপনার পরিচিত সলিসিটারের সাথে যোগাযোগ করা সম্ভব না হয়, তাহলে আপনি ডিউটি সলিসিটারের সাথে কথা বলতে পারেন। এটা বিনা খরচে পাওয়া যায়।
- ডিউটি সলিসিটারের সাথে পুলিশের কোন সম্পর্ক নেই।

**বিনাপয়সার আইন সংক্রান্ত পরামর্শের ব্যবস্থা করা:**

- পুলিশ, ডিফেন্স সলিসিটার কল সেন্টারের (DSCC) সাথে যোগাযোগ করবে। ডিফেন্স সলিসিটার কল সেন্টার, হয় ক্রিমিনাল ডিফেন্স সার্ভিস ডাইরেক্ট-এর কাছ থেকে, নয়ত আপনি যে সলিসিটারকে চেয়েছেন তার কাছ থেকে নয়ত ডিউটি সলিসিটারের কাছ থেকে আইন সংক্রান্ত পরামর্শ দেওয়ার ব্যবস্থা করবে।
- ডিফেন্স সলিসিটার কল সেন্টার ও ক্রিমিনাল ডিফেন্স সার্ভিস ডাইরেক্ট হচ্ছে দু'টি স্বাধীন পরিষেবা (সার্ভিস), যাদের দায়িত্ব হচ্ছে বিনাপয়সায় আইন সংক্রান্ত পরামর্শ পাওয়ার ব্যবস্থা করা এবং এদের সাথে পুলিশের কোন সম্পর্ক নেই।

**আপনি যদি নিজে আইন সংক্রান্ত পরামর্শের জন্য টাকা দিতে চান:**

- সব ক্ষেত্রেই, আপনি যদি চান, তাহলে আইন সংক্রান্ত পরামর্শের জন্য আপনি নিজে খরচ দিতে পারবেন।
- বিনাপয়সায় পাওয়া আইন সংক্রান্ত পরামর্শ যখন ক্রিমিনাল ডিফেন্স সার্ভিস ডাইরেক্ট-এর টেলিফোনে দেওয়া পরামর্শের মধ্যে সীমাবদ্ধ, তখনও আপনি চাইলে, আপনার পছন্দমত কোন সলিসিটারের সাথে টেলিফোনে কথা বলতে পারবেন, কিন্তু লীগাল এইড এর জন্য টাকা দেবে না এবং আপনাকে এই সলিসিটারর খরচ বহন করতে বলতে পারে। ডিফেন্স সলিসিটার কল সেন্টার আপনার হয়ে আপনার নিজের সলিসিটারের সাথে যোগাযোগ করবে।
- আপনার পছন্দ করা সলিসিটারের সাথে আপনার গোপনে টেলিফোনে কথা বলার অধিকার আছে, অথবা তিনি হয়ত থানায় এসে আপনার সাথে দেখা করার সিদ্ধান্ত নিতে পারেন।
- আপনার পছন্দ করা সলিসিটারের সাথে যদি যোগাযোগ করা না যায়, তাহলেও পুলিশ, ডিফেন্স সলিসিটার কল সেন্টারে টেলিফোন করে, ডিউটি সলিসিটারের কাছ থেকে বিনাপয়সায় আইন সংক্রান্ত পরামর্শ পাওয়ার ব্যবস্থা করতে পারবে।

## ২। আপনি যে থানায় রয়েছেন তা কোন একজনকে জানানো

- আপনি যে থানায় রয়েছেন তা যার জানা দরকার এরকম কাউকে জানিয়ে দেওয়ার জন্য পুলিশকে অনুরোধ করবেন। এর জন্য কোন খরচ হবে না।
- তারা যত তাড়াতাড়ি পারবে তত তাড়াতাড়ি আপনার হয়ে তার সাথে যোগাযোগ করবে।

## ৩। কোড্‌স অব প্র্যাক্‌টিস (প্রচলিত পদ্ধতি সংক্রান্ত নীতি) দেখা

- কোড্‌স অব প্র্যাক্‌টিস হচ্ছে সব নিয়মকানুন, যেগুলি আপনাকে বলে দেবে যে আপনি থানায় থাকাকালীন পুলিশ কি করতে পারে এবং কি করতে পারে না। এর মধ্যে, এই নোটিসে সংক্ষেপে দেওয়া অধিকারগুলিও বিস্তারিত ভাবে রয়েছে।
- পুলিশ আপনাকে এই কোড্‌স অব প্র্যাক্‌টিসটা পড়তে দেবে, কিন্তু আপনি এটা করতে পারবেন না যদি আপনি আইন ভঙ্গ করেছেন কিনা তা জানার চেষ্টা করা পুলিশের স্থগিত রাখতে হয়।
- আপনি যদি কোড্‌স অব প্র্যাক্‌টিসটা পড়তে চান, তাহলে পুলিশের কাস্টডি অফিসারকে বলবেন।

## ৪। আপনি যদি অসুস্থ বা আহত হন, তাহলে ডাক্তারী সাহায্য পাওয়া

- আপনি যদি অসুস্থ বোধ করেন বা আপনার কোন ওষুধ দরকার হয় অথবা আহত হয়ে থাকেন, তাহলে তা পুলিশকে জানাবেন। তারা একজন ডাক্তার বা নার্সকে বা অন্য কোন স্বাস্থ্য সংক্রান্ত পেশাদার ব্যক্তিকে ডাকবে এবং এর জন্য কোন টাকা দিতে হবে না।
- আপনাকে আপনার নিজের ওষুধ খেতে দেওয়া হতে পারে, কিন্তু, পুলিশের সেগুলি আগে পরীক্ষা করে দেখতে হবে।  সাধারণতঃ একজন নার্স আপনাকে প্রথমে দেখবেন, কিন্তু আপনার ডাক্তারের দরকার থাকলে, পুলিশ একজন ডাক্তারকে ডেকে পাঠাবে। আপনি অন্য একজন ডাক্তারকে দেখাতে চাইতে পারেন, কিন্তু এর জন্য আপনাকে হয়ত টাকা দিতে হতে পারে।

**৫। কোন কিছু না বলার অধিকার**কোন অপরাধ করার সন্দেহে আপনাকে যদি প্রশ্ন করা হয়, তাহলে আপনি কোন কিছু বলতে বাধ্য না।

তবে, এখন আপনাকে কোন কিছু জিজ্ঞাসাকরা হলে যদি তার উত্তর না দেন এবং পরে আদালতে গিয়ে আত্মপক্ষ সমর্থন করার জন্য আপনি যদি ওই একই জিনিষের উপর নির্ভর করতে চান তাহলে সেক্ষেত্রে আপনার আত্মপক্ষ সমর্থন করার ব্যাপারে ক্ষতি হতে পারে।

আপনি যা বলবেন তা  প্রমাণ হিসাবে দাখিল করা হতে পারে।

## ৬। আপনি কি অপরাধ করেছেন বলে সন্দেহ করা হচ্ছে এবং আপনাকে কেন গ্রেপ্তার করা হয়েছে ও আটকে রাখা হয়েছে সে বিষয়ে জানা

- আপনি যে অপরাধ করেছেন বলে মনে করা হচ্ছে, তা কি ধরনের অপরাধ তা পুলিশের অবশ্যই আপনাকে বলতে হবে। এটা কখন ও কোথায় করা হয়েছিল বলে তারা মনে করে তাও এর মধ্যে পড়ে।
- পুলিশের আপনাকে অবশ্যই বলতে হবে যে আপনি এই অপরাধ করেছেন বলে তারা কেন মনে করছে এবং তারা কেন বিশ্বাস করে যে আপনাকে গ্রেপ্তার করার দরকার ছিল।
- থানায়, পুলিশের আপনাকে অবশ্যই বলতে হবে যে আপনাকে আটকে রাখা দরকার বলে তারা কেন বিশ্বাস করে।
- যাতে আপনি নিজের পক্ষ সমর্থন করতে পারেন সেইজন্য, আপনাকে কোন অপরাধের বিষয়ে কোন প্রশ্ন করার আগে, আপনি কি করেছেন বলে পুলিশ মনে করে সে বিষয়ে পুলিশের অবশ্যই আপনাকে এবং আপনার সলিসিটারকে যথেষ্ট তথ্য দিতে হবে, তবে এমন একটা সময়ে নয় যখন এতে পুলিশের তদন্তের ক্ষতি হবে।
- আপনি করেছেন বলে পুলিশ মনে করে এরকম অন্য যে কোন অপরাধের ক্ষেত্রে এটা প্রযোজ্য।

## ৭। আপনাকে গ্রেপ্তার করা ও আটকে রাখার বিষয়ে কাগজপত্র এবং রেকর্ড দেখতে পাওয়া

- আপনাকে যখন থানায় আটকে রাখা হয়, তখন পুলিশকে অবশ্যই যা করতে হবে তা হল:

~ আপনাকে গ্রেপ্তার করার কারণ ও প্রয়োজন এবং আপনাকে কেন আটকে রাখতে হবে বলে তারা বিশ্বাস করে, তা আপনার কাস্টডি রেকর্ডে লিখে রাখতে হবে।

~ আপনাকে ও আপনার সলিসিটারকে এই রেকর্ডগুলি দেখতে দিতে হবে। পুলিশের কাস্টডি অফিসার এটা করার ব্যবস্থা করবেন।

- আপনি করেছেন বলে পুলিশ মনে করে এরকম অন্য যে কোন অপরাধের ক্ষেত্রে এটা প্রযোজ্য।
- আপনাকে গ্রেপ্তার করা ও আটকে রাখার বৈধতা সম্বন্ধে কার্যকরী ভাবে আপত্তি জানানোর জন্য অত্যাবশ্যক সব কাগজপত্র এবং জিনিষ আপনাকে অথবা আপনার সলিসিটারকে পুলিশের অবশ্যই দেখতে দিতে হবে।

## ৮। আপনাকে সাহায্য করার জন্য একজন দোভাষী (ইন্টারপ্রেটার) এবং নির্দিষ্ট কিছু কাগজপত্রের অনুবাদ পাওয়া

- আপনি যদি ইংরেজী বলতে বা বুঝতে না পারেন, তাহলে আপনাকে সাহায্য করার জন্য পুলিশ এমন একজন লোকের ব্যবস্থা করবে যিনি আপনার ভাষা বলতে পারেন। এর জন্য কোন খরচ হবে না।
- আপনি যদি বধির হন অথবা আপনার কথা বলায় অসুবিধা থাকে, তাহলে আপনাকে সাহায্য করার জন্য পুলিশ একজন ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ ইংলিশ ইন্টারপ্রেটারের ব্যবস্থা করবে। এর জন্য কোন খরচ হবে না।
- আপনি যদি ইংরেজী বলতে বা বুঝতে না পারেন, তাহলে পুলিশ দোভাষীকে বলবে আপনাকে বলে দিতে যে কি কারণে আপনাকে আটকে রাখা হয়েছে। পুলিশ যতবার আপনাকে আটকে রাখার সিদ্ধান্ত নেবে, তার প্রতিবারেই পুলিশকে এটা করতে হবে।
- আপনাকে আটকে রাখার প্রতিটি সিদ্ধান্তের পরে এবং আপনাকে কোন অপরাধের জন্য চার্জ (রীতিগত ভাবে অভিযুক্ত) করার পরে, আপনাকে কি কারণে আটকে রাখা হচ্ছে এবং কোন অপরাধের জন্য আপনাকে চার্জ করা হয়েছে তার একটা রেকর্ডও পুলিশকে আপনার নিজের ভাষায় অবশ্যই আপনাকে দিতে হবে, যদি না সেটা না করার কোন বিশেষ কারণ থেকে থাকে। এগুলি হচ্ছে:
  - ~ আপনি যদি স্থির করেন যে আত্মপক্ষ সমর্থন করার জন্য আপনার এই রেকর্ডের দরকার নেই, কারণ কি ঘটছে ও এই রেকর্ড না থাকার ফলাফল আপনি সম্পূর্ণ ভাবে বুঝতে পারছেন এবং সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য আপনি একজন সলিসিটারকে জিজ্ঞাসা করার সুযোগ পেয়েছিলেন। তাছাড়াও, আপনাকে অবশ্যই লিখিত ভাবে আপনার সম্মতি দিতে হবে।
  - ~ আত্মপক্ষ সমর্থন করার জন্য ও কি ঘটছে তা সম্পূর্ণ ভাবে বুঝতে পারার জন্য লিখিত অনুবাদের বদলে একজন দোভাষীর (ইন্টারপ্রেটারের) মাধ্যমে একটা মৌখিক অনুবাদ বা সংক্ষিপ্তসার আপনার পক্ষে যদি যথেষ্ট হয়। তাছাড়াও, কাস্টডি অফিসারকে অবশ্যই এর জন্য অনুমতি দিতে হবে।
- পুলিশ যখন আপনাকে প্রশ্ন করবে তখন তারা যদি কোন অডিও (শোনার ব্যবস্থায়) রেকর্ড না করে, তাহলে দোভাষী (ইন্টারপ্রেটার) সেই প্রশ্নগুলি ও আপনার উত্তরগুলি আপনার নিজের ভাষায় লিখে রাখবেন। একটা সঠিক রেকর্ড বলে সই করার আগে আপনি এটা যাচাই করে নিতে পারবেন।
- আপনি যদি পুলিশকে কোন বিবৃতি দিতে চান, তাহলে দোভাষী (ইন্টারপ্রেটার) আপনার নিজের ভাষায় সেই বিবৃতির একটা প্রতিলিপি করবেন যাতে আপনি সেটা যাচাই করার পরে সেটা সঠিক বলে সই করতে পারেন।
- এই নোটিসের একটা অনুবাদ পাওয়ার অধিকার আপনার আছে। যদি কোন অনুবাদ না পাওয়া যায়, তাহলে একজন দোভাষীর (ইন্টারপ্রেটারের) মাধ্যমে এই তথ্য অবশ্যই আপনাকে দিতে হবে এবং অসঙ্গত রকমের দেরী না করে একটা অনুবাদ আপনাকে দিতে হবে।

## ৯। আপনার এম্‌ব্যাসী (দূতাবাস) বা কন্‌সুলেটের সাথে যোগাযোগ করা

আপনি যদি ব্রিটিশ না হন, তাহলে আপনি পুলিশকে বলতে পারেন যে আপনি কোথায় আছেন এবং আপনি থানায় কেন রয়েছেন তা জানানোর উদ্দেশ্যে, আপনি আপনার হাই কমিশন, এম্‌ব্যাসী অথবা কন্‌সুলেটের সাথে যোগাযোগ করতে চান। তারা গোপনে আলাদা ভাবে আপনার সাথে দেখা করতে পারে এবং আপনার হয়ে একজন সলিসিটারের ব্যবস্থা করতে পরে।

## ১০। আপনাকে কতক্ষণ আটকে রাখা যাবে

- স্বাভাবিক ভাবে আপনাকে চার্জ না করে ২৪ ঘন্টা পর্যন্ত আপনাকে আট্‌কে রাখা যেতে পারে। এটা আরও বেশীক্ষণ হতে পারে যদি কোন ক্রাউন কোর্টে একজন জাজ (বিচারক) ও জুরীরা সেই অপরাধটির বিচার করতে পারেন এবং কোন পুলিশ সুপারিন্‌টেন্ডেন্ট অথবা আদালত এটা করতে দেয়। ৩৬ ঘন্টা পার হয়ে যাওয়ার পরে, আপনাকে চার্জ না করে আরও সময় আট্‌কে রাখার জন্য শুধুমাত্র আদালতই পুলিশকে অনুমতি দিতে পারে।

- কিছুক্ষণ পরে পরেই অবশ্যই একজন উচ্চপদস্থ পুলিশ অফিসারকে আপনার বিষয়টি বিচার করে দেখতে হবে যে আপনাকে এখনও থানায় রাখা উচিত কিনা। এটাকে একটা রিভিউ (পুনর্বিচার) বলা হয় এবং অফিসারটি হবেন একজন রিভিউ অফিসার। আপনি যদি অসুস্থ অবস্থায় না থাকেন, তাহলে এই সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে আপনার বক্তব্য জানানোর অধিকার আছে। আপনি আপনার বক্তব্য লিখিতভাবে বা সরাসরি রিভিউ অফিসারকে বলতে পারেন বা টেলিভিশন লিংকের মাধ্যমে জানাতে পারেন। আপনার হয়ে আপনার সলিসিটারেরও এ ব্যাপারে মতামত জানানোর অধিকার আছে।

- রিভিউ অফিসার যদি আপনাকে ছেড়ে না দেন, তাহলে সেটা কেন তা আপনাকে জানাতে হবে এবং সেই কারণটা আপনার কাস্টডি রেকর্ডে লিখে রাখতে হবে।

- আপনাকে যদি আটকে রাখার দরকার না থাকে, তাহলে আপনাকে অবশ্যই ছেড়ে দিতে হবে। পুলিশ যদি মনে করে যে তারা সেই অপরাধটার বিষয়ে তদন্ত চালিয়ে যেতে চায়, তাহলে তারা আপনাকে হয় জামিনের আওতায় নয়ত জামিন ছাড়াই ছেড়ে দিতে পারে। আপনাকে জামিনে ছেড়ে দেওয়া হলে তারা আপনাকে অবশ্যই একটি লিখিত নোটিস প্রদান করবেন যেখানে আপনাকে বলে দেওয়া হবে যে আপনাকে অবশ্যই পুলিশ স্টেশনে ফেরত আসতে হবে এবং নজামিনের ব্যাপারে আপনার উপর কোন শর্ত আরোপিত হলে তাও বলে দেওয়া হবে।

- পুলিশ যখন কোন আদালতে আপনার জামিনের মেয়াদ বাড়িয়ে দেওয়ার আবেদন করতে চাইবে, তখন:

~ সেই শুনানীর জন্য আপনাকে আদালতে নিয়ে আসতে হবে যদি না একটি টেলিভিশন লিংক স্থাপন করা হয় যার মাধ্যমে আপনি আদালতের লোকজনদের দেখতে পাবেন এবং তারাও আপনাকে দেখতে পাবেন।

~ কাস্টডি অফিসার যদি উপযুক্ত মনে না করেন তাহলে টেলিভিশন লিংক স্থাপন করা যাবে না, এর ব্যাবহার সম্পর্কে একজন সলিসিটর আপনাকে পরামর্শ প্রদান করে থাকেন এবং আপনি আপনার সম্মতি দিয়ে থাকেন।

~ যে তথ্য আদালতকে প্রমাণের সম্বন্ধে এবং পুলিশ আপনাকে কেন আটকে রাখতে চায় তা জানাচ্ছে, তার একটা প্রতিলিপি অবশ্যই আপনাকে দিতে হবে।

~ আদালতে শুনানীর জন্য আপনার সাথে একজন সলিসিটারকে রাখতে পারার অধিকার আপনার আছে।

~ পুলিশকে শুধুমাত্র তখনই আপনাকে আটকে রাখার অনুমতি দেওয়া হবে যদি আদালত মনে করে যে এটা করা দরকার এবং পুলিশ আপনার ব্যাপারটি সতর্কতার সাথে ও সময় নষ্ট না করে তদন্ত করে দেখছে।

- আপনাকে আদালতে পাঠানোর জন্য পুলিশের কাছে যদি যথেষ্ট প্রমাণ থাকে, তাহলে বিচারের উদ্দেশ্যে আদালতে উপস্থিত হওয়ার জন্য আপনাকে থানায় অথবা ডাকযোগে চার্জ করা হতে পারে।

## ১১। আপনার ব্যাপারটি যদি আদালতে যায়, তাহলে প্রমাণ দেখতে পাওয়া

- আপনাকে যদি কোন অপরাধের জন্য চার্জ করা হয়, তাহলে আপনার বিরুদ্ধে যা প্রমাণ আছে সেগুলি এবং তার সাথে আপনার আত্মপক্ষ সমর্থনে সাহায্য করতে পারে এরকম প্রমাণ আপনাকে ও আপনার সলিসিটারকে অবশ্যই দেখতে দিতে হবে। এটা অবশ্যই আপনার বিচার শুরু হওয়ার আগে করতে হবে। পুলিশ ও ক্রাউন প্রসিকিউশন সার্ভিসকে অবশ্যই এর বন্দোবস্ত করতে হবে এবং প্রাসঙ্গিক সব কাগজপত্র ও জিনিষ দেখতে দেওয়ার সুযোগ দিতে হবে।

# থানায় যাওয়ার সম্বন্ধে আরও যা কিছু জানার আছে

## আপনার সাথে কিরকম আচরণ করা উচিত এবং কি ভাবে আপনার দেখাশোনা করা উচিত

আপনাকে যখন থানায় রেখে দেওয়া হচ্ছে, তখন আপনি কি আশা করতে পারেন, এই নোটগুলিতে তা আপনাকে বলে দেওয়া হয়েছে। আরও জানার জন্য, কোড্‌স অব প্র্যাক্‌টিস দেখতে চাইবেন। এই জিনিষগুলির প্রতিটির বিষয়ে কোথায় আরও তথ্য পাওয়া যাবে, তার একটা তালিকা এই কোড্‌স অব প্র্যাক্‌টিস-এ দেওয়া হয়েছে। আপনার আরও কোন প্রশ্ন থাকলে, তা পুলিশের কাস্টডি অফিসারকে জিজ্ঞাসা করবেন।

## যাদের সাহায্য পাওয়ার দরকার আছে

- আপনার বয়স যদি ১৮ বছরের কম হয়, অথবা আপনার যদি কোন দুর্বলতা থাকে, যেমন যদি আপনার যদি শিক্ষাগত অসুবিধা থাকে বা মানসিক স্বাস্থ্যের সমস্যা থাকে, তাহলে পুলিশ যখন নির্দিষ্ট কিছু জিনিষ করবে, তখন আপনার সাথে কোন একজনকে রাখার অধিকার আপনার আছে। এই ব্যক্তিকে “এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্ট”

(উপযুক্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি) বলা হয় এবং তাকে এই নোটিসের একটা কপি দেওয়া হবে।

- আপনার এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্ট, যা ঘটছে তা বুঝতে আপনাকে সাহায্য করবে এবং আপনার স্বার্থের দিকে নজর রাখবে। পুলিশ যখন আপনাকে আপনার অধিকারের কথা বলবে এবং আপনাকে কেন থানায় আটকে রাখা হয়েছে তা বলার সময় তাকে অবশ্যই আপনার সাথে থাকতে হবে। পুলিশ যখন আপনাকে পুলিশের কশনটা পড়ে শোনাবে (সাবধান করে দেবে), তখনও তার অবশ্যই আপনার সাথে থাকতে হবে।
- তাছাড়াও, আপনার এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্ট আপনার হয়ে একজন সলিসিটারের জন্য অনুরোধ করতে পারবেন।
- আপনি চাইলে, সেই ঘরে আপনার এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্টের উপস্থিতি ছাড়াই আপনি আপনার সলিসিটারের সাথে কথা বলতে পারবেন।
- তাছাড়াও, আপনি থানায় থাকাকালীন পুলিশের হয়ত নিচে দেওয়া জিনিষগুলির কোন একটা করার দরকার হতে পারে। পুলিশ যদি এই জিনিষগুলির কোন একটা করে, তাহলে সুনির্দিষ্ট কোন বিশেষ কারণ না থাকলে, আপনার এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্টকে অবশ্যই সবসময় আপনার সাথে থাকতে হবে:
  - ~ আপনাকে ইন্টারভিউ করা অথবা আপনাকে কোন লিখিত বিবৃতি বা পুলিশের নোটে সই করতে বলা।
  - ~ আপনাকে তল্লাশি করার জন্য আপনার বাইরের জামাকাপড়ের বেশী কিছু খোলা।
  - ~ আপনার আঙুলের ছাপ নেওয়া, ছবি তোলা অথবা ডিএন্এ (DNA) বা অন্য কোন নমুনা নেওয়া।
  - ~ প্রত্যক্ষদর্শীর সনাক্ত করার পদ্ধতি সংক্রান্ত কোন কিছু করা।
- আপনাকে আরও কিছু সময় আটকে রাখা হবে কিনা তা দেখার জন্য পুলিশ আপনার ব্যাপারটি পুনর্বিচার করার সময়, আপনাকে সাহায্য করার জন্য আপনার এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্টকে সামনাসামনি অথবা টেলিফোনে উপস্থিত থাকার সুযোগ দেওয়া উচিত।
- আপনার এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্টকে যদি পাওয়া যায়, তাহলে পুলিশ আপনাকে কোন অপরাধের জন্য চার্জ করার সময় তাকে অবশ্যই সেখানে উপস্থিত থাকতে হবে।

## আপনি থানায় থাকাকালীন যা ঘটেছিল তার বিস্তারিত বিবরণ পাওয়া

- আপনি থানায় থাকাকালীন আপনার ব্যাপারে যা কিছু ঘটবে তা লিখে রাখা হবে। এটাকে কাস্টডি রেকর্ড বলা হয়।
- আপনি যখন থানা ছেড়ে চলে যাবেন, তখন আপনি, আপনার সলিসিটার অথবা আপনার এ্যাপ্রোপ্রিয়েট এ্যাডাল্ট এই কাস্টডি রেকর্ডের একটা কপির (প্রতিলিপির)

জন্য অনুরোধ করতে পারবেন। যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি আপনার কাস্টডি রেকর্ডের একটা কপি পুলিশের আপনাকে দিতেই হবে।

- আপনি থানা ছেড়ে চলে যাওয়ার পরের ১২ মাস পর্যন্ত আপনি পুলিশকে আপনার কাস্টডি রেকর্ডের একটা কপির জন্য অনুরোধ করতে পারবেন।

## যোগাযোগ বজায় রাখা

- আপনার সলিসিটারের সাথে কথা বলা ও কোন একজনকে আপনার গ্রেপ্তার হওয়ার বিষয়ে জানানো ছাড়াও, সাধারণতঃ আপনাকে একটা টেলিফোন করার অনুমতি দেওয়া হবে।
- আপনি যদি কোন টেলিফোন করতে চান, তাহলে পুলিশকে তা বলবেন।
- তাছাড়াও আপনি কাগজ ও কলম চাইতে পারেন।
- আপনার সাথে হয়ত লোকে দেখা করতে আসতে পারবেন, কিন্তু কাস্টডি অফিসার তার অনুমতি নাও দিতে পারেন।

## আপনার সেল (আটক অবস্থায় আপনাকে যে ঘরে রাখা হয়েছে)

- যদি সম্ভব হয়, তাহলে একটা সেলে আপনাকে একা রাখা উচিত।
- সেটা পরিষ্কার ও গরম থাকা উচিত এবং সেখানে আলো থাকা উচিত।
- আপনার বিছানাপত্র পরিষ্কার ও ভাল অবস্থায় থাকা উচিত।
- আপনাকে অবশ্যই একটা টয়লেট ব্যবহার করতে দিতে এবং গা, হাত, পা ধুতে দিতে হবে।

## Personal needs – health, hygiene and welfare

- আপনি যখন আটকাবস্থায় থাকবেন তখন হয়ত আপনাকে প্রভাবিত অথবা উদ্বিগ্ন করতে পারে এরকম স্বাথ্যগত, পরিষ্কার-পরিচ্ছন্নতাগত স্বাস্থ্যবিধি এবং কল্যাণ সম্পর্কিত ব্যক্তিগত প্রয়োজনগুলির ব্যাপারে কাস্টডির কোন কর্মচারীর সাথে আপনি গোপনে কথা বলতে চান কিনা তা অবশ্যই তাদের আপনাকে জিজ্ঞাসা করতে হবে।

- আপনার প্রয়োজনগুলি মিটাতে সক্ষম বলে যেসব সামগ্রী বিবেচিত হবে পুলিশ সেগুলি প্রদান করার বন্দোবস্ত করবে। আপনি চাইলে, আপনার লিঙ্গের একজন ব্যক্তির সাথে আপনি কথা বলতে পারবেন।

- যদি আপনি ১৮ কিংবা এর অধিক বয়সী মহিলা হয়ে থাকেন, তাহলে আপনি আটকাবস্থায় থাকাকালীন আপনাকে অবশ্যই তাদের জিজ্ঞাসা করতে হবে যে মাসিক সংশ্লিষ্ট কোনো সামগ্রী আপনার প্রয়োজন আছে কিনা অথবা প্রয়োজন হওয়ার সম্ভাবনা রয়েছে কিনা এবং তাদের আপনাকে অবশ্য বলতে হবে যে:

  ~ সামগ্রীগুলো বিনামূল্যে প্রদান করা হবে;
  ~ এগুলির বদলে অন্য সামগ্রী পাওয়া যাবে; এবং
  ~ যদি কাস্টডি অফিসার রাজি হন, তাহলে আপনার পরিবার অথবা বন্ধুবান্ধব তাদের নিজস্ব খরচে এই সামগ্রীগুলো দিতে পারবেন।

- যদি আপনি ১৮ কিংবা এর কম বয়সী একজন মেয়ে হয়ে থাকেন, তাহলে কাস্টডি অফিসার নিশ্চিত করবেন যে আপনার দেখাশোনা করার এবং আপনার ব্যক্তিগত প্রয়োজনসমূহ ও মাসিক সংশ্লিষ্ট সামগ্রীর সম্পর্কে আপনাকে জিজ্ঞাসা করার জন্যে যেন পুলিশ স্টেশনে একজন মহিলাকে পাওয়া যায়।

## জামাকাপড়

আপনার নিজের জামাকাপড় যদি আপনার কাছ থেকে নিয়ে নেওয়া হয়, তাহলে পুলিশকে অবশ্যই আপনাকে কোন বিকল্প রকমের জামাকাপড় দিতে হবে।

## খাদ্য এবং পানীয়

অবশ্যই দিনে ৩ বার খাবার ও তার সাথে পানীয় দিতে হবে। তাছাড়াও, প্রধান খাবারগুলির মধ্যেকার সময়ে আপনি পানীয় খেতে পারবেন।

## এক্সারসাইজ (সক্রিয় থাকা)

যদি সম্ভব হয়, তাহলে প্রতিদিন আপনাকে খোলা হাওয়া পাওয়ার জন্য বাইরে বেরোতে দেওয়া উচিত।

## যখন পুলিশ আপনাকে প্রশ্ন করবে

- ঘরটা পরিষ্কার ও গরম থাকা উচিত এবং সেখানে আলো থাকা উচিত।
- আপনাকে দাঁড় করিয়ে রাখা উচিত নয়।
- পুলিশ অফিসারদের আপনাকে নিজেদের নাম ও পদ জানানো উচিত।
- প্রধান খাবার খাওয়ার স্বাভাবিক সময়ে আপনার একটা বিরতি পাওয়া উচিত এবং দুই ঘন্টা পর পর পানীয়ের জন্য আপনার একটা বিরতি পাওয়া উচিত।
- আপনাকে যখন আটকে রাখা হবে, তখন যে কোন একটা ২৪ ঘন্টা সময়কালের মধ্যে, আপনার অন্ততঃ ৮ ঘন্টার বিশ্রাম নেওয়ার সুযোগ পাওয়া উচিত।

## ধর্মীয় প্রয়োজন

থানায় থাকাকালীন আপনার ধর্মীয় আচার আচরণ পালন করতে সাহায্য করার জন্য আপনার যদি কোন কিছুর দরকার হয়, তাহলে তা পুলিশকে বলবেন। তারা ধর্মীয় বই ও দরকার অনুযায়ী অন্যান্য জিনিষপত্র দিতে পারবে।

# যেসব সময়ে স্বাভাবিক নিয়মগুলি অন্যরকম হয়

## আপনাকে সাহায্য করার জন্য একজন সলিসিটারকে পাওয়া

কিছু বিশেষ সময় আছে যখন আপনি সলিসিটারের সাথে কথা বলার আগে, জরুরী ভাবে পুলিশের আপনাকে প্রশ্ন করার দরকার হয়। এই বিশেষ সময়গুলির সম্বন্ধে তথ্য কোড়স অব প্র্যাক্‌টিস-এ দেওয়া হয়েছে। এতে বলে দেওয়া হয়েছে যে আপনি থানায় থাকাকালীন পুলিশ কি করতে পারে এবং কি করতে পারে না। আপনি যদি এই বিষয়ে বিস্তারিত তথ্য দেখতে চান, তাহলে কোড়স অব প্র্যাক্‌টিস-এর কোড সি-এর ৬.৬ অনুচ্ছেদে (paragraph 6.6 of Code C) এটা পাবেন।

একটা বিশেষ সময় আছে যখন পুলিশ আপনাকে আপনার পছন্দ করা সলিসিটারের সাথে কথা বলতে দেবে না। এটা যখন হবে, তখন আপনাকে অবশ্যই অন্য একজন সলিসিটার বেছে নেওয়ার সুযোগ দিতে হবে। আপনি যদি এই বিষয়ে বিস্তারিত তথ্য দেখতে চান, তাহলে কোড়স অব প্র্যাক্‌টিস-এর কোড সি-এর এ্যানেক্স 'বি'তে (Annex B of Code C) এগুলি পাবেন।

## আপনি যে থানায় রয়েছেন, তা কোন একজনকে জানানো

কিছু বিশেষ সময় আছে যখন পুলিশ আপনাকে কারুর সাথে যোগাযোগ করার অনুমতি দেবে না। এই বিশেষ সময়গুলির বিষয়ে তথ্য, কোড়স অব প্র্যাক্‌টিস-এ দেওয়া হয়েছে। আপনি যদি এই বিষয়ে বিস্তারিত তথ্য দেখতে চান, তাহলে কোড়স অব প্র্যাক্‌টিস-এর কোড সি-এর এ্যানেক্স 'বি'তে (Annex B of Code C) এগুলি পাবেন।

## মদ্যপান ও মাদক (ড্রাগ) সেবনের পর গাড়ী চালানো সংক্রান্ত অপরাধ

মদ খেয়ে গাড়ি চালানোর কোন অপরাধের কারণে বা মাদক সেবন করে গাড়ি চালানোর অপরাধের কারণে আপনাকে যদি গ্রেপ্তার করা হয়ে থাকে, তাহলে আপনার একজন সলিসিটারের সাথে কথা বলার অধিকার আছে। এই অধিকারের মানে এই নয় যে আপনি পুলিশকে আপনার নিঃশ্বাস, রক্ত অথবা প্রস্রাবের নমুনা দিতে অস্বীকার করতে পারবেন, এমনকি আপনি আপনার সলিসিটারের সাথে তখনও পর্যন্ত কথা না বলে থাকলেও।

# মেন্টাল হেল্‌থ এ্যাক্ট (মানসিক স্বাস্থ্য আইন) ১৯৮৩ অনুসারে আট়কে রাখা

মেন্টাল হেল্‌থ এ্যাক্ট অনুসারে এ্যাসেস্‌মেন্টের (পরীক্ষা করার) জন্যও পুলিশ আপনাকে থানায় আটকে রাখতে পারে। আপনার বয়স যদি ১৮ বা তার বেশী হয় এবং আপনার আচরণের কারণে আপনার বা অন্য কারুর যদি গুরুতর রকমের আহত হওয়ার বা মৃত্যু হওয়ার আশঙ্কা থাকে এবং সঙ্গত ভাবে আপনাকে অন্য কোন স্থানে যদি আটক

করে রাখা না যায়, তাহলে পুলিশ আপনাকে আটকে রাখতে পারে। আপনাকে যদি মেন্টাল হেল্থ এ্যাক্ট অনুসারে আটক করা হয়ে থাকে, তাহলে তার মানে এই নয় যে আপনাকে কোন অপরাধের জন্য গ্রেপ্তার করা হয়েছে।

এর মানে হচ্ছে যে একজন ডাক্তার এবং একজন এ্যাসেস্‌মেন্ট (পরীক্ষা) করার যোগ্যতা সম্পন্ন এ্যাপ্রুভ্‌ড মেন্টাল হেল্থ প্রোফেশনালের (অনুমোদিত মানসিক স্বাস্থ্য সংক্রান্ত পেশাদার ব্যক্তির) কাছে আপনাকে দেখানোর ব্যবস্থা অবশ্যই পুলিশকে করতে হবে। থানায় আসার ২৪ ঘন্টার মধ্যে আপনাকে অবশ্যই পরীক্ষা করতে হবে, কিন্তু যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি পুলিশ এটা করার চেষ্টা করবে। থানায় এসেসমেন্ট করার জন্য ২৪ ঘন্টা আটক রাখার সময়সীমা আরও ১২ ঘন্টা বাড়ানো যাবে যদি একজন ডাক্তার মনে করে সেটার দরকার রয়েছে এবং একজন সিনিয়র পুলিশ অফিসার সেটা অনুমোদন করে। এই সময়ে, পরীক্ষা করার উদ্দেশ্যে, পুলিশ হয়ত আপনাকে একটা অপেক্ষাকৃত উপযুক্ত জায়গায় স্থানান্তরিত করতে পারে।

এ্যাসেস্‌মেন্টের (পরীক্ষার) জন্য আপনি অপেক্ষা করার সময়ে, পুলিশ হয়ত একজন অনুমোদিত স্বাস্থ্য সংক্রান্ত পেশাদার ব্যক্তির কাছে আপনাকে দেখানোর ব্যবস্থা করবে। তিনি এই এ্যাসেস্‌মেন্টটা করতে পারবেন না, কিন্তু আপনার অন্য কোন স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা থাকলে সেই বিষয়ে তিনি আপনাকে সাহায্য করতে পারবেন এবং এই এ্যাসেস্‌মেন্টের মানে কি, তা তিনি আপনাকে বুঝতে সাহায্য করতে পারবেন।

## ইন্ডিপেন্ডেন্ট (নিরপেক্ষ) কাস্টডি ভিজিটাররা

সমাজের কিছু সদস্য আছেন যাদেরক আগে থেকে খবর না দিয়ে থানায় যেতে দেওয়া হয়। তাদের ইন্ডিপেন্ডেন্ট কাস্টডি ভিজিটার বলা হয় এবং আটকে রাখা লোকদের সাথে যে সঠিক আচরণ করা হচ্ছে ও তারা যে তাদের সব অধিকারগুলি যে পাচ্ছেন তা নিশ্চিত করার উদ্দেশ্যে এরা স্বেচ্ছাসেবী হিসাবে এই কাজটা করেন।

আপনার এই ইন্ডিপেন্ডেন্ট কাস্টডি ভিজিটারদের সাথে দেখা করার কোন অধিকার নেই অথবা তাদের আপনি আপনার সাথে দেখা করার অনুরোধ করতে পারবেন না, কিন্তু একজন ভিজিটার হয়ত আপনার সাথে দেখা করতে চাইতে পারেন। আপনি আটক থাকাকালীন যদি কোন ইন্ডিপেন্ডেন্ট কাস্টডি ভিজিটার এসে আপনার সাথে দেখা করেন, তাহলে আপনার ভাল থাকা এবং আপনার অধিকারগুলিকে সুরক্ষিত রাখা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখার উদ্দেশ্যে তারা পুলিশের থেকে আলাদা ভাবে কাজ করবেন। তবে, আপনি যদি না চান, তাহলে আপনার তাদের সাথে কথা বলতে হবে না।

## কি ভাবে অভিযোগ করতে হয়

**আপনার সাথে যেরকম আচরণ করা হয়েছে সে বিষয়ে আপনি যদি অভিযোগ করতে চান, তাহলে ইন্সপেক্টর বা তার চেয়ে উচ্চপদস্থ কোন পুলিশ অফিসারের সাথে কথা বলতে চাইবেন। তাছাড়াও, ছাড়া পাওয়ার পরে, আপনি যে কোন থানায়, ইন্ডিপেন্ডেন্ট অফিস ফর পুলিশ কন্ডাক্ট** (IOPC) **-এর কাছে, অথবা আপনার হয়ে আপনার সলিসিটারের বা এম্পির মাধ্যমে আপনি অভিযোগ জানাতে পারেন।**